

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।  
[www.tongibari.munshiganj.gov](http://www.tongibari.munshiganj.gov)

স্মারক নং ০৫.৩০.৫৯৯৪.০০০.৩৭.০০২.২৩- ২৪৮

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০  
০৯ এপ্রিল ২০২৪ খ্রি.

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলাধীন ১২ নং দিঘীরপাড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আরিফুল ইসলাম হালদার ব্যক্তিগত কারণে চেয়ারম্যান পদ হতে অব্যাহতি চেয়ে ০৯ এপ্রিল, ২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার নিম্নস্বাক্ষরকারীর নিকট স্ব-ব্যখ্যাত পদত্যাগ পত্র দাখিল করেছেন এবং নিম্নস্বাক্ষরকারী কর্তৃক জনাব মোঃ আরিফুল ইসলাম হালদার, চেয়ারম্যান ১২ নং দিঘীরপাড় ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর পদত্যাগ পত্র গৃহীত হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩২(২) মোতাবেক পদত্যাগ পত্র গৃহীত হওয়ার সাথে সাথে উক্ত চেয়ারম্যানের পদ শূণ্য হয়েছে।

এমতাবস্থায়, আমি মোঃ আসলাম হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩২(২) মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে টংগিবাড়ী উপজেলাধীন ১২ নং দিঘীরপাড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ ০৯ এপ্রিল, ২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার হতে শূণ্য ঘোষণা করলাম।

  
০৯.৪.২৪

(মোঃ আসলাম হোসাইন)  
উপজেলা নির্বাহী অফিসার  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

☎ : ০২- ৯৯৭৭৩৩৩০১

✉ : [unotongibari@mopa.gov.bd](mailto:unotongibari@mopa.gov.bd)

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা।
৮. জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
১০. উপজেলা নির্বাচন অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
১১. উপজেলা ..... অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
১২. ইউপি সচিব, ১২ নং দিঘীরপাড় ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ (তাকে সংশ্লিষ্ট সকলকে জানানোর এবং বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।
১৩. অফিস কপি।